



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

অতীব জরুরী

Ref: বিজিএ/কাস/২০২২/১৩৫

০৩ জুলাই, ২০২২


সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন-ভাতা প্রদান ও রপ্তানী বিল ক্রয়ের লক্ষ্যে ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ ৮ ও ৯ জুলাই ২০২২ তারিখে খোলা রাখা প্রসংঙ্গে।

এতদ্বারা সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন ঈদ-উল-আযহা এর পূর্বে তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানী বিল বিক্রয় এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়নগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে ৮ ও ৯ জুলাই ২০২২ তারিখ পূর্ণ দিবস খোলা রাখার ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট সকল ব্যাংক কর্তৃপক্ষের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছে।

এ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের সার্কুলার লেটার নং-২৬, তারিখঃ ০৩ জুলাই, ২০২২ আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিবিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২৬

১৯ আষাঢ় ১৪২৯

তারিখঃ -----

০৩ জুলাই ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন-ভাতা প্রদান
ও রপ্তানী বিল ক্রয়ের লক্ষ্যে ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ ৮ ও ৯ জুলাই ২০২২ তারিখে খোলা রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আসন্ন ঈদ-উল-আযহা এর পূর্বে তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানী বিল বিক্রয়ের এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে ৮ ও ৯ জুলাই ২০২২ তারিখ পূর্ণ দিবস খোলা রাখার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০২। উক্ত দিবসদ্বয়ে বাংলাদেশ ব্যাংকের ক্লিয়ারিং ব্যবস্থা চালু থাকবে। তবে, ক্লিয়ারিং ব্যবস্থা সুষ্ঠুরূপে পরিচালনার স্বার্থে উল্লিখিত এলাকার বাইরে অবস্থিত কোন ব্যাংক শাখার উপর চেক প্রদান করা যাবে না।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)

পরিচালক (ডিওএস)

ফোন : ৯৫৩০০৯৩